



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সোনাগাজী সরকারী কলেজ, ফেনী।
Website: sonagazicollege.gov.bd
Email: sonagazigovtcollege7@gmail.com



তারিখঃ ০৭/০৩/২০২২ খ্রি.

২০২১-২২ শিক্ষাবর্ষের উপবৃত্তি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

সোনাগাজী সরকারী কলেজের ২০২১-২২ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির নিয়মিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আধীনে প্রধানমন্ত্রী শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের নিকট থেকে উপবৃত্তির আবেদন আহ্বান করা যাচ্ছে। যে সকল শিক্ষার্থী উপবৃত্তির জন্য আবেদন করতে ইচ্ছুক তাদেরকে স্বাস্থ্যবিধি মেনে ১০/০৩/২২ খ্রি. রোজ বৃহস্পতিবার থেকে ২০/০৩/২২ খ্রি. রোজ রবিবারের মধ্যে কলেজ ওয়েবসাইট (sonagazicollege.gov.bd) এবং একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জন্য নির্ধারিত কলেজ গ্রুপ (**SGC session 2021-22**) থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের পর আবেদন ফরম গ্রহণ করা হবে না।

ব্যাংক হিসাব (Bank Account) খোলা এবং তথ্য ফরম পূরণের নিয়মাবলী:

- ১। বাংলাদেশের যে কোন অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীদের নিজ নামে এবং ১৮ বছরের নিচে শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব খুলতে হবে।
- ২। শিক্ষার্থীর একক বা যৌথ নামের একাউন্ট নম্বর ব্যতীত পিতা/মাতা বা অন্য কোন আইন সংগত অভিভাবকের ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না।
- ৩। শিক্ষার্থীদের নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম একই হতে হবে।
- ৪। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে।
- ৫। বৃত্তির তথ্য ফরমে সকল তথ্য সঠিক ও নির্ভুলভাবে লিপিবদ্ধ করতে হবে।
- ৬। ব্যাংক, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে।
- ৭। শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম ও পাসের সাল সঠিকভাবে পূরণ করতে হবে।
- ৮। পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি জমা দিতে হবে।
- ৯। শিক্ষার্থীর জন্ম নিবন্ধন কার্ডের ফটোকপি জমা দিতে হবে (জন্ম নিবন্ধন কার্ড অবশ্যই অনলাইন করা থাকতে হবে)।
- ১০। ব্যাংক একাউন্টের জমা রশিদ বই এর ১ম পৃষ্ঠার ফটোকপি জমা দিতে হবে (যেখানে একাউন্ট ও নাম লিখা আছে)।
- ১১। এসএসসি পরীক্ষার মূল মার্কশীটের ফটোকপি জমা দিতে হবে।
- ১২। সদ্য তোলা ১ কপি (পাসপোর্ট সাইজের) ছবি জমা দিতে হবে।

(প্রফেসর মুহাম্মদ মহীউদ্দিন চৌধুরী-৩৩৫৩)

অধ্যক্ষ

সোনাগাজী সরকারী কলেজ

সোনাগাজী, ফেনী।

প্রফেসর মুহাম্মদ মহীউদ্দিন চৌধুরী

আই.ডি নং-৩৩৫৩

অধ্যক্ষ

সোনাগাজী সরকারী কলেজ, ফেনী।